শিমুলিয়া সোনার বাংলা সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ ।
নিবন্ধন নংঃ ০০৭৮ তাং ১১/০৫/২০১৪ ইং সংশোধিত ০০৮ তারিখঃ ২৮/০২/২০১৮ ইং
ঠিকানা ঃ গ্রামঃ শিমুলিয়া ডাকঘরঃ দরগ্রাম,উপজেলা-সাটুরিয়া জেলা মানিকগঞ্জ।

সূত্র ঃ ০০৩

তারিখ ঃ ০৮/০৪/২০২২খ্রিঃ

এতদ্বারা **শিমুলিয়া সোনার বাংলা সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ** এর সম্মানিত সকল সদস্যাগণকে জানানো যাচ্ছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির বিগত ২০/০২/২০২২ ইং তারিখের সভার সিদ্ধান্তের আলোকে আগামী ০৯/০৫/২০২২ ইং তারিখ রোজ সোমবার সমিতির কার্যালয়ে সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীন ভাবে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন বিশেষ সাধারন সভায় অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে সমিতির ব্যবস্থাপনা কমিটির ০১ (এক) জন সভাপতি,০১(এক) জন সহ-সভাপতি, ০১(এক) জন সম্পাদক, ০১(এক) জন যুগ্ন-সম্পাদক, ০১(এক) কোষাধ্যক্ষ ও ০১(এক) জন ব্যবস্থাপনা কমিটির সদস্যসহ মোট ০৬(ছয়) সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটি সমিতির সকল সদস্যদের সরাসরি ভোটে (গোপন ব্যালটের মাধ্যমে) নির্বাচিত হবে। উক্ত নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিটির ০৭/০৪/২০২২ ইং তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী নিম্নরূপভাবে নির্বাচনী তফসিল ঘোষনা করা হলো ।

## নির্বাচনী তফসিল/২০২২

| ক্রঃ নং | কর্মসূচী | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ১ | মনোনয়ন পত্র বিতরণ | ১১/০৪/২০২২খ্রিঃ ১২/০৪/২০২২ | সকাল ১০ টা হতে বিকাল ০২ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ২ | মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ ও সময় | ১৭/০৪/২০২২ ১৮/০৪/২০২২ | সকাল ১০ টা হতে বিকাল ০২ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ৩ | মনোনয়ন পত্র বাছাই প্রার্থী বা তার প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) | ১৯/০৪/২০২২ | সকাল ১০ টা হতে বিকাল ০২ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ৪ | বৈধ এবং বাতিলকৃত প্রার্থীর প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ১৯/০৪/২০২২ | বাছাই শেষে | সমিতির কার্যালয় |
| ৫ | প্রাথমিক খসড়া তালিকায় অর্ন্তভূক্ত কোন প্রার্থীর মনোনয়ন পত্রের বিষয়ে আপত্তি কিংবা বাতিলকৃত প্রার্থীর আপীল আবেদন গ্রহন | ২০/০৪/২০২২, ২০/০৪/২০২২, | অফিস চলাকালীন সময় | জেলা সমবায় কর্মকর্তা মানিকগঞ্জ |
| ৬ | আপীল শুনানী | ২৪/০৪/২২ খ্রিঃ ২৫/০৪/২২২ খ্রিঃ ২৬/০৪/২২ খ্রিঃ | জেলা সমবায় অফিসার, মানিকগঞ্জ মহোদয় কর্তৃক নির্ধারিত সময় | জেলা সমবায় কর্মকর্তা মানিকগঞ্জ |
| ৭ | আপীলের রায় ঘোষনা | ২৬/০৪/২২ খ্রিঃ | আপীল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | জলা সমবায় কর্মকর্তা মানিকগঞ্জ |
| ৮ | বৈধ ও বাতিলকৃত চুড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ | ২৮/০৪/২২ খ্রিঃ | বেলা ১২.০০ ঘটিকা | সমিতির কার্যালয় |
| ৯ | প্রার্থীতা প্রত্যাহার (লিখিত আবেদনের মাধ্যমে) | ২৯/০৪/২২খ্রিঃ | সকাল ১০ টা হতে বিকাল ০২ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ১০ | প্রতীক বরাদ্ধ ও বিন াপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিতদের তালিকা প্রকাশ | ৩০/০৪/২২খ্রিঃ | বেলা ২.০০ ঘটিকা | সমিতির কার্যালয়, |
| ১১ | ভোট গ্রহণ | ০৯/০৫/২২খ্রিঃ | সকাল ১০.০০ হতে বিকাল ০১.০০ টা পর্যন্ত(বিরতিহীনভাবে) | সমিতির কার্যালয় |
| ১২ | ভোট গননা ও ফলাফল ঘোষণা | ০৯/০৫/২২খ্রিঃ | গণনা শেষে | সমিতির কার্যালয় |

নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমূহ ঃ

| | |
|---|---|
| ১। সভাপতি পদের জন্য | ঃ চেয়ার,ছাতা, হাতী |
| ২। সহ-সভাপতি পদের জন্য | ঃ আনারস,হারিকেন,বটগাছ |
| ৩। সম্পাদক পদের জন্য | ঃ টেলিভিশন, গোলাপ ফুল, তলোয়ার |
| ৪। যুগ্ম-সম্পাদক পদের জন্য | ঃ ফুটবল,ঘড়ি,হাতপাখা |
| ৫। কোষাধ্যক্ষ পদের জন্য | ঃ তালা-চাবি, কলম, মিনার |
| ৬। ব্যবস্থাপনা কমিটির সদস্য পদের জন্য | ঃ বই, মাছ, আম, মোরগ,জাহাজ,টেবিল,কলস । |

জ্ঞাতব্য বিষয় সমূহ ঃ

১। নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়ন ফরম যথাযথভাবে পুরন করতঃ ব্যবস্থাপনা কমিটির সভাপতি কর্তৃক সত্যায়িত ও জেলা/উপজেলা সমবায় অফিসার, সাটুরিয়া,মানিকগঞ্জ। কর্তৃক প্রতিস্বাক্ষর করে দাখিল করতে হবে।

২। মনোনয়ন পত্রের সাথে প্রার্থীর ১(এক) কপি পাসপোর্ট সাইজ ছবি সংযুক্ত করতে হবে। ছবি সমিতির ব্যবস্থাপনা কমিটির সভাপতি কর্তৃক সত্যায়িত এবং ও জেলা/ উপজেলা সমবায় অফিসার, সাটুরিয়া,মানিকগঞ্জ কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৩। প্রার্থীগণকে সমবায় সমিতি আইন/২০০১ এর ১৯ ধারা, সংশোধনী ২০০২ এর ১৮(৮) ধারা এবং সমবায় বিধিমালা/২০০৪ এর ২৪ বিধি অনুযায়ী নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করার জন্য যোগ্য সাভার হবে।

৪। আইন, বিধি কিংবা উপ-আইন মোতাবেক যদি প্রার্থীর ব্যবস্থাপনা কমিটির সদস্য হওয়ার যোগ্যতা না থাকে তবে মনোনয়নপত্র বাতিল করা হবে।

৫। মনোনয়নপত্রে উলেখিত প্রার্থীর নামের সংগে অন্যান্য দলিলাদিতে বর্ণিত নামের অমিল হলে অথবা মনোনয়ণপত্র অসম্পূর্ণ, কাটাকাটি কিংবা ঘষামাজা থাকলে মনোনয়নপত্র বাতিল করা হবে।

৬। মিথ্যা কিংবা প্রতারণাপূর্ণ তথ্য পরিবেশন করা হলে অথবা নির্বাচন কমিটির চাহিদা মোতাবেক মনোনয়নপত্রের সাথে প্রয়োজনীয় দলিলপত্র সংযুক্ত না করা হলে মনোনয়নপত্র বাতিল করা হবে।

৭। একই ব্যক্তি একাধিক পদে প্রতিদ্বন্দ্বীতা করতে পারবে না।

৮। চুড়ান্ত প্রার্থী নির্বাচন হওয়ার পর প্রতীক বরাদ্দ করা হবে। একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী দাবী করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবেন।

৯। প্রার্থীর তুলনায় প্রতীকের সংখ্যা কম হলে নির্বাচন কমিটি কর্তৃক নতুন প্রতীক বরাদ্দ করা হবে।

১০। উক্ত নির্বাচন সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত-২০০২ও২০১৩), সমবায় সমিতি বিধিমালা/২০০৪ ও সমিতির উপ-আইন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

১১। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চুড়ান্ড় বলে গণ্য হবে।

| | | |
|---|---|---|
| (হাসিয়া আক্তার) | ( মুহাম্মদ বেল্লাল হোসেন) | (মোঃ নাজিমুল হাসান) |
| সদস্য | সদস্য | সভাপতি |
| নির্বাচন কমিটি | নির্বাচন কমিটি | নির্বাচন কমিটি |
| শিমুলিয়া সোনার বাংলা সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ | শিমুলিয়া সোনার বাংলা সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ | শিমুলিয়া সোনার বাংলা সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ |

সূত্র ঃ ০০৩ তারিখ ঃ ০৮/০৪/২০২২খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। জনাব ................................................সদস্য নং-.......... শিমুলিয়া সোনার বাংলা সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ

২। সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, শিমুলিয়া সোনার বাংলা সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ । তাঁকে নির্বাচনী তফশিল ব্যাপক প্রচারের জন্য সকল সদস্যদের নিকট সরবরাহ জন্য অনুরোধ করা হল ।

৩। উপজেলা সমবায় অফিসার, সাটুরিয়া, মানিকগঞ্জ।

৪। জেলা সমবায় অফিসার,মানিকগঞ্জ।

৫। সমিতির নোটিশ বোর্ড।

সভাপতি
নির্বাচন কমিটি
শিমুলিয়া সোনার বাংলা সঞ্চয় ও
ঋনদান সমবায় সমিতি লিঃ